



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd) ওয়েব : [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৪১/১৯-৩৯৬৭ ৩ তারিখ: ১৫/১০/২০১৯

বিষয়: পাঁচ বছরের শিশুকে বীভৎসভাবে হত্যা সংক্রান্ত অভিযোগের তদন্ত।


১৫ অক্টোবর ২০১৯ তারিখ 'বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় 'পাঁচ বছরের শিশুকে বীভৎসভাবে হত্যা' শিরোনামে প্রকাশিত সংবাদটি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, সুনামগঞ্জের দিরাইয়ে পাঁচ বছরের এক শিশুকে বীভৎসভাবে হত্যা করে লাশ গাছে ঝুলিয়ে রাখা হয়েছে। দুর্বৃত্তরা শিশুর যৌনাঙ্গ ও কান কেটে পেটে ছুরিকাঘাত করে পাশবিক কায়দায় হত্যা করেছে। তাদের বর্বরতা এখানেই থেমে থাকেনি, শিশুটির পেটে জোড়া ছুরি ঢুকিয়ে রেখেছে তারা। রবিবার দিবাগত রাতে উপজেলার রাজানগর ইউনিয়নের কেজাউরা গ্রামে স্মরণকালের এই নৃশংস ঘটনাটি ঘটে। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য নিহত শিশুর পিতা আবদুল বাছির, চাচা আবদুল মছক্বির, জমসেদ মিয়া, নাছির ও জাকিরুল এবং চাচি ও চাচতো বোনকে আটক করা হয়েছে। কোমলমতি ওই শিশুকে এমন নৃশংসভাবে খুনের ঘটনায় স্তম্ভিত স্বজনরা। এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

প্রকাশিত সংবাদে আরো উল্লেখ করা হয় যে, রাতে তুহিনের বাবা দুই ছেলেকে নিয়ে এক বিছানায় ঘুমান। রাত ১টার দিকে তুহিন প্রস্রাব করতে ঘর থেকে বের হয়। ৩টার দিকে তুহিনকে বিছানায় না দেখে পরিবারের সবাইকে নিয়ে খোঁজাখুঁজি শুরু করেন তিনি। একপর্যায়ে বাড়ির অদূরে কদম গাছে তার ঝুলন্ত মৃতদেহ দেখতে পান।

০২। পাঁচ বছরের একটি শিশুকে বীভৎসভাবে হত্যার ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক। ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতারপূর্বক শাস্তি নিশ্চিত হওয়া আবশ্যিক। এ বিষয়ে তদন্তপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে কমিশনকে আগামী ০৭/১১/২০১৯ তারিখের মধ্যে অবহিত করতে তাকে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকায় প্রকাশিত সংবাদের ছায়ালিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: ০১ পাতা।

পুলিশ সুপার  
সুনামগঞ্জ

  
(আল-মাহমুদ ফায়জুল কবীর)  
পরিচালক (অভিযোগ ও তদন্ত)  
(জেলা ও দায়রা জজ)  
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)

অনুলিপি:

- সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

০১৮